গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০২৮.১৭. ৪২০৮ **তারিখ:** ২৫.০৯.২০১৯খ্রিঃ।

বিষয় : বিএমইটি এবং এর অধীন মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কার্যক্রম গতিশীল, সুষ্ঠু ও সুনামের সাথে করণীয় বিষয়ক সভার কার্যবিবরণী।
সভার সভাপতি : জনাব মোঃ সেলিম রেজা, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিএমইটি, ঢাকা।
স্থান : সম্মেলন কক্ষ, ২য় তলা, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
তারিখ ও সময় : ১৯/০৯/২০১৯খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকা।
সভার উপস্থিতি : পরিশিষ্ট- 'ক'

সভাপতি কর্তৃক উপস্থিত সকল অনুষদ সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম:	শাখার নাম	সিদ্ধান্ত
১.	প্রশাসন শাখা	• দাপ্তরিক ক্রয়ে সরকারি বিধি বিধান প্রতিপালন করে বাজার দর যথাযথভাবে যাচাইপূর্বক কেনা কাটা সম্পাদন নিশ্চিত করতে হবে। • বিএমইটি ও অধীন দপ্তর সমূহের সংস্কার কাজে পিডব্লিওডি কর্তৃক কাজ সম্পাদন করা হলেও তাদের প্রাক্কলন দরের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পরীক্ষা করে নথি উপস্থাপন করতে হবে। • বিএমইটির যাবতীয় পূর্ত কাজ এর ব্যয় বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। • জনবল সংকটের বিষয়টি নিরসনে নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নিয়োগ কমিটির সভা আহ্বান করতে হবে। • বদলী সংক্রান্ত আবেদনপত্র সমূহ বিবেচনার ক্ষেত্রে প্রশিক্ষক/ভিপি/অধ্যক্ষ পর্যায়ে বদলীর ক্ষেত্রে প্রশিক্ষণ কার্যক্রম যেন ব্যহত না হয় সে জন্য এক্ষেত্রে পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) এর মতামত নিয়ে নথি অগ্রায়ন করতে হবে। • বিএমইটির সদর দপ্তরের জনবল বৃদ্ধির জন্য যৌক্তিকভাবে পদ সৃজনের প্রস্তাব উপস্থাপন করতে হবে। • জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর নাম পরিবর্তন এর প্রস্তাব প্রেরণ করতে হবে। • জেলা পর্যায়ে অবস্থিত বিএমইটির অধীন যে সকল ডিইএমওতে সহকারী পরিচালক ও উপ-সহকারী পরিচালক নেই সে সকল ডিইএমওগুলোতে সমন্বয়ের মাধ্যমে সহকারী পরিচালক/উপ-সহকারী পরিচালকগণকে পদায়নের প্রস্তাব উপস্থাপন করতে হবে। • যারা দীর্ঘ দিন ধরে একই শাখায় কাজ করছেন তাদের বদলী করতে হবে। • উপপরিচালক (সাধারন সেবা) এর কার্যক্রমে অধিক গতিশীলতা আনয়নে উপপরিচালক জনাব: মো: রফিকুল ইসলাম'কে আরও তৎপর হতে বলা হয়েছে। • টিটিসির অধ্যক্ষদের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের মধ্যে যে সকল অভিযোগের মেরিট রয়েছে সে সকল অভিযোগের তদন্ত করতে হবে এবং তাঁদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। • বিএমইটির স্বল্প সংখ্যক কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে দাপ্তরিক কাজ অত্যন্ত গতিশীলতার সহিত সুচারুরূপে সম্পাদনের জন্য মহাপরিচালক, বিএমইটি পরিচালক (প্রশাসন) সহ প্রশাসন শাখায় কর্মরত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। • দ্রুত বিএমইটির আইটি সেল গঠন করে পদ সৃজণ করতে হবে। • বিএমইটির নিজস্ব প্রকৌশল শাখার জন্য পদ সৃজণ করতে হবে।

ক্রম	শাখার নাম	সিদ্ধান্ত
২.	প্রশিক্ষণ শাখা	• STEP এর সহায়তায় Leads এর মাধ্যমে প্রস্তুতকৃত সফটওয়্যার ব্যবহার করে বিকেটিটিসিতে পাইলটিং এর মাধ্যমে ত্রুটিমুক্ত করে সিকিউরড সিস্টেম চালু ও ই-সার্টিফিকেশন (Online সনদায়ন) অবিলম্বে চালু করতে হবে। • বিএমইটির অধীন Im Japan এর সহায়তায় জাপানে গমণকারীদের প্রত্যেক কর্মীর পৃথক নথি প্রস্তুত করতে হবে। ২৮টি টিটিসিতে এ কোর্স চালু রয়েছে। সে সকল টিটিসিতে N-4 Level প্রশিক্ষণ চালু করতে হবে। • Tecnical Intern নির্বাচনে সম্পূর্ণ নিরপেক্ষভাবে জাপানী রিক্রুটারদের দ্বারাই নির্বাচন নিশ্চিত করতে হবে এবং কর্মী নির্বাচনে কোনরূপ চাপ সৃষ্টি করা যাবে না। • যেখানে ট্রেনিং হচ্ছে সেখানে শূণ্য অভিবাসন ব্যয়ে বিএমইটির অধীন প্রতিষ্ঠানসমূহে এবং IM Japan এর সহায়তায় কর্মী প্রেরণে কেউ অর্থ দাবী করলে মহাপরিচালক,বিএমইটিকে অবহিত করানোর জন্য নোটিশ সংশ্লিষ্ট টিটিসিতে পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) প্রেরণ করবেন। • বিএমইটির মাধ্যমে বিনা অভিবাসন ব্যয়ে IM JAPAN এর মাধ্যমে কর্মী প্রেরণ সংক্রান্ত বিষয়ে জনসচেতনতামূলক বিজ্ঞপ্তি পত্রিকায় অবিলম্বে প্রচার করতে হবে এবং বিএমইটির ওয়েবসাইট ও ফেইসবুক এ প্রচার করতে হবে। বিজ্ঞপ্তির কনটেন্ট প্রশিক্ষণ পরিচালনা শাখা হতে প্রেরণ করবে। উপপরিচালক (সাধারণ সেবা) • কেয়ারগিভার পেশায় পাবনা ও কেরানীগঞ্জ টিটিসিতে প্রশিক্ষণ চলছে। এছাড়া আরো ৫টি টিটিসিতে কেয়ারগিভার পেশায় প্রশিক্ষণ প্রদান দ্রুত শুরু করতে হবে। • ভাষা প্রশিক্ষণ কারিক্যুলাম রিভাইজ করবেন। ভাষা প্রশিক্ষণে ইংরেজী ও আরবী ভাষা অর্ন্তভূক্ত করে আপডেট করতে হবে। অক্টোবর ২০১৯ এর মধ্যে সংশ্লিষ্ট বিষয়টি বাস্তবায়ন করতে হবে। • উক্ত কোর্স কারিক্যুলাম আপডেট করার ক্ষেত্রে প্রয়োজনে ILO এর সহায়তা নেয়ার বিষয়ে পরামর্শ প্রদান করেন এবং এ বিষয়ে ILO-কে পত্র প্রেরণ করতে হবে। • টিটিসি সমূহের ড্রাইভিং কোর্সের প্রশিক্ষণার্থীদের ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির ক্ষেত্রে অনৈতিক অর্থ লেনদেনর বিষয়ে নিবিড় তদারকির মধ্যে রাখতে হবে এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করতে হবে। প্রশিক্ষণ শাখায় এরূপ অভিযোগ পাওয়া গেলে তা প্রশাসন শাখায় প্রেরণ করবেন। • ২২টি ডিইএমও এর পদ সৃজন এর প্রস্তাব প্রেরণ করতে হবে। • ১৭টিটিসির পদ সৃজন এর প্রস্তাব প্রেরণ করতে হবে। • ৪০টিটিসির পদ সৃজণ এর প্রস্তাব প্রেরণ করতে হবে। • এছাড়াও প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য মহাপরিচালক, বিএমইটি পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) সহ প্রশিক্ষণ শাখায় কর্মরত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।
৩.	• বহির্গমন শাখা	• আগষ্ট মাসে সর্বনিম্ন কর্মীর ছাড়পত্র প্রদান করা হয়েছে। এই গতি অবশ্যই বৃদ্ধি করতে হবে এবং শ্রমবাজার সম্প্রসারণ করতে হবে। • বিদেশে গমণকৃত কর্মীদের অবস্থা মনিটরিং করা অবশ্যক। দৈবচয়ন পদ্ধতিতে কর্মী বা তাঁর আত্মীয়ের সাথে কথা বলে তাদের অবস্থা জানতে হবে। • কেইস টু কেইস বিবেচনা করে বহির্গমন ছাড়পত্র প্রদান করতে হবে। এক্ষত্রে যেন হয়রানি না হয় তা নিশ্চিত করতে হবে। • বিদেশ গমণকৃত কর্মীদের ফিডব্যাক নিতে হবে। • বহির্গমন ছাড়পত্র প্রদান প্রক্রিয়া সহজীকরণে কি ব্যবস্থা গ্রহণ করা যায় সে বিষয়ে শাখা হতে মহাপরিচালক, বিএমইটিকে সুপারিশ করবেন । পরিচালক (বহির্গমন ও প্রটাকল) • বহির্গমন শাখায় কোনরূপ সিন্ডিকেট গড়ে না উঠায় তৎপর হয়ে কাজ করার জন্য বহির্গমন শাখার সকলকে মহাপরিচালক, বিএমইটি ধন্যবাদ জ্ঞাপন করেন।

ক্র	শাখার নাম	সিদ্ধান্ত
৪.	কর্মসংস্থান শাখা	• যে সকল জেলায় স্মার্ট কার্ড প্রদান চালু হয়েছে সে সকল স্থানে অনলাইনে ভিসা যাচাই করা যায় এরকম দেশের বহির্গমন ছাড়পত্র প্রত্যাশীদের সেবা প্রদানের বিষয়ে পরিচালক (কর্মসংস্থান ও বহির্গমন) কর্তৃক জেলা পর্যায় থেকে বহির্গমন ছাড়পত্র প্রদান কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করার জন্য ডিইএমও সমূহে পত্র প্রেরণ করবেন। • রিক্রুটিং এজেন্সীর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ তদন্ত সুষ্ঠুভাবে সম্পাদন এবং অহেতুক কোন সমস্যা হলে সেগুলো দ্রুত নিরসনে তদারকি নিশ্চিত করবেন। • পত্রিকায় প্রকাশিত ফেরৎ আসা কর্মীদের বিষয়ে দ্রুত দাপ্তরিক ব্যবস্থা গ্রহণ করবেন। • লাইসেন্স সংক্রান্ত সেবা বিষয়ক তথ্যসমূহ নিয়মিতভাবে ওয়েবসাইটে আপলোড করবেন। তথ্য প্রদানকারী কর্মকর্তা সকল তথ্য আপডেট করবেন। • পরিসংখ্যান কর্মকর্তা জনাব মো: নাসিরুজ্জামান এর পরিবর্তে জনাব মো: মাহমুদ উল্ল্যাহ আকন্দ'কে RTI (তথ্য প্রদানকারী কর্মকর্তা) নিয়োগের সিদ্ধান্ত হয়। তিনি তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্ব পালন করবেন। • নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণকে দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য আবশ্যিকভাবে কম্পিউটার ও ল্যাপটপ ব্যবহার শিখতে হবে। • কর্মসংস্থান শাখার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য মহাপরিচালক, বিএমইটি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৩/০৭/১৯

(মোঃ সেলিম রেজা)
মহা-পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন নং-০২-৯৩৪৯৯২৫ (অফিস)
email:dg@bmet.gov.bd

বিতরণ : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বিএমইটি, ঢাকা।
২. উপপরিচালক, অর্থ ও বাজেট/ সাধারণ সেবা, বিএমইটি, ঢাকা। (কার্যার্থে এবং ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।
৪. অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান/প্রশিক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।
৫. মাস্টার নথি/২০১৯।